

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২১৩

كاب النكاح) الكام) كاب النكاح)

পরিচ্ছেদঃ ৬. কোনো লোক যখন বিয়ে করে, তখন তাকে যা বলা (দু'আ করা) হবে

بَابِ إِذَا تَزَوَّجَ الرَّجُلُ مَا يُقَالُ لَهُ

আরবী

حَدَّثَنَا نُعَيْمُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ عَنْ سُهَيْلٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ إِذَا رَقَّأَ لِإِنْسَانٍ قَالَ بَارَكَ اللَّهُ لَكَ وَبَارَكَ عَلَيْكَ وَجَمَعَ بَيْنَكُمَا فِي خَيْرٍ

বাংলা

২২১৩. আবী হুরাইরাহ রাদ্যাল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের বিয়ের পরে দু'আ করার সময় বলতেন: "বারাকাল্লাহ লাকা ওয়া বারাকা আলাইকা। ওয়া জামা'আ বাইনাকুমা ফী খইর।"[1] (অর্থ: তোমাকে বরকত দান করুন এবং তোমার উপর বরকত নাযিল করুন। আর তোমাদেরকে কল্যাণের মধ্যে মিলিত করুন।)

ফুটনোট

[1] তাহকীক: নু'আইম ইবনু হাম্মাদের কারণে এর সনদ হাসান। তবে তিনি এ বর্ণনায় একাকী নন, তার অনুসরণে বর্ণনা করেছেন অনেক বিশ্বস্ত বর্ণনাকারীগণ। ফলে এর সনদ সহীহের স্তরে উন্নীত হয়। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মাউসিলী, মু'জামুশ শুয়ুখ নং ৩২৫ ও সহীহ ইবনু হিব্বান নং ৪০৫২ ও মাওয়ারিদুয যাম'আন নং ১২৮৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন